

বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখার
বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন
১৩ই জানুয়ারী ২০০৮ বিকেল ৫টা



বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখার আহ্বায়ক ড. শামস রহমান ও সদস্য সচিব আনিসুর রহমান রিতু স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তানি কারাগারের বন্দীত্ব থেকে ৮ই জানুয়ারী ১৯৭২ তারিখে মুক্ত হয়ে ব্রিটেনের রাজকীয় যুদ্ধ বিমানে লন্ডন হয়ে সোমবার ১০ই জানুয়ারী ১৯৭২ দুপুর দেড় ঘটিকায় স্বাধীন বাংলাদেশের মাটিতে প্রত্যাবর্তন করেন। সোমবার রোদ্রজ্বল সুন্দর দিনটিতে লক্ষ লক্ষ বাঙালি ‘শেখ শেখ শেখ মুজিব’ শ্লোগানে সমগ্র ঢাকা শহর মুখরিত করে হাতে স্বাধীন দেশের পতাকা উড়িয়ে স্বাগত জানেয়েছিল তাদের প্রাণপ্রিয় নেতাকে।

বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবসটিকে আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখা যথাযোগ্য মর্যাদার সাথে পালনের উদ্দেশ্যে আগামী রোববার ১৩ই জানুয়ারী ২০০৮ তারিখে বিকেল ৫টা, ৬ ওয়েস্টকট স্ট্রীট, ইস্টলেইকস এর সেন্ট স্টীভেন চার্চের হল কক্ষে এক বিশেষ আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ আওয়ামী লীগের সকল সদস্য, বঙ্গবন্ধু প্রেমীসহ স্বাধীনতার স্বপক্ষের সকলকে ঐতিহাসিক দিবসের আলোচনা সভায় উপস্থিত হবার জন্য বিশেষ ভাবে আমন্ত্রণ জানানো হচ্ছে।

সূত্র: সংবাদ বিজ্ঞপ্তি